



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: bu.ac.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নজরুলজয়ন্তী উদযাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ মে ২০২২ খ্রিঃ

শ্রদ্ধা ও ভালোবাসায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মবার্ষিকী। দিবসটি উপলক্ষে ২৫ মে ২০২২ তারিখ বিকাল ৪:৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে প্রশাসনিক ভবন-১ এর নিচ তলায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। বাংলা বিভাগের সভাপতি সঞ্জয় কুমার সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তারা মানবতার কবি কাজী নজরুল ইসলামের বর্ণিল কর্মময় জীবন ও তাঁর রচিত সাহিত্যকর্মের নানান দিক নিয়ে আলোচনা করেন। অনন্য প্রতিভার অধিকারী এ মহান কবির জন্মদিন উপলক্ষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করে বাংলা বিভাগ। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস